



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ উপাচার্য হিসেবে অধ্যাপক ড. সাদেকা হালিম যোগদান করেন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম ৩০/১১/২০২৩ তারিখে যোগদান করেন।

উল্লেখ্য ৩০/১১/২০২৩ইং তারিখ মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার এক অফিস আদেশের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১০(১) ধারা অনুযায়ী তাঁকে উপাচার্য পদে পরবর্তী চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ, দপ্তর, বেগম ফাজিলাতুন্নেছা মুজিব হল, নীল দল, কর্মকর্তা সমিতি (জেবিকস), বাংলাদেশ ছাত্রলীগ জবি শাখা, সাংবাদিক সংগঠনসমূহ, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী



সমিতিসহ সকল সংগঠনের পক্ষ থেকে নবনিযুক্ত উপাচার্য মহোদয়কে ফুল দিয়ে অভিনন্দন জানানো হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।